গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা-নগর, ঢাকা।

বিষয়ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট) ৩য় ও ৪র্থ শ্রেণীর স্থায়ী ও অস্থায়ী রাজস্বখাতের বিভিন্ন ক্যাটাগরির পদে কর্মরত কর্মচারীগণের গ্রেডেশন তালিকা হালনাগাদকরণ ও স্থায়ীকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভার স্থান ঃ সভাকক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
সভার তারিখ ঃ ১৩ মে, ২০১৯খ্রিঃ রোজ সোমবার।
সময় ঃ দুপুর ০২:০০ ঘটিকা।
সভাপতি ঃ জনাব মোঃ মিজানুর রহমান, অতিরিক্ত সচিব ও পরিচালক (পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

| ক্রমিক নং | নাম, পদবী ও দপ্তর (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) | কমিটির পদবী |
|---|---|---|
| ০১। | জনাব মোঃ অহিদুল ইসলাম<br>যুগ্ম সচিব ও পরিচালক (ভোকেশনাল)<br>কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭। | সদস্য |
| ০২। | জনাব মোঃ সামসাদ খলিল<br>সহকারী পরিচালক, শাখা-০১<br>কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭। | সদস্য |
| ০৩। | জনাব মোহাম্মদ সাজজাদ মুফতী<br>সহকারী পরিচালক, শাখা-০৬<br>কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭। | সদস্য |
| ০৪। | জনাব নাজমুন নাহার<br>সহকারী পরিচালক, শাখা-৩<br>কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭। | সদস্য সচিব |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানান এবং সভার কার্য শুরু করার জন্য অনুরোধ করেন। অতঃপর সদস্য সচিব জনাব নাজমুন নাহার, সহকারী পরিচালক (শাখা-০৩) সভাকে অবহিত করেন যে, গত ১১ এপ্রিল, ২০১৯খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০১৩ ও ২০১৪ খ্রিঃ সালে নিয়োগপ্রাপ্ত অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও হিসাব সহকারী (গ্রেড-১৬) পদে কর্মরত কর্মচারীগণের খসড়া গ্রেডেশন তালিকা গত ১৪/০৪/২০১৯খ্রিঃ তারিখে অত্র অধিদপ্তরের ওয়েব সাইটে প্রচার করা হয়। খসড়া গ্রেডেশন তালিকায় উপরে বর্ণিত পদ সমূহে কর্মরত ২৬(ছাব্বিশ) জন কর্মচারী তাদের আপত্তি/সংশোধন/সংযোজন এর জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেছেন, যা সভায় উপস্থাপন করা হয়।

| ক্র. নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | মেধাক্রম অনুযায়ী গ্রেডেশন তালিকা প্রণয়ন সংক্রান্ত। | অফিস সহকারী কাম কম্পিউার মুদ্রাক্ষরিক ও হিসাব সহকারী পদে কর্মরত প্রায় ১২(বার) জন চূড়ান্ত গ্রেডেশন তালিকা নিয়োগের মেধাক্রম অনুযায়ী প্রণয়ন করার জন্য আবেদন করেন। ক্রমিক নং- ৮ (মোঃ মিজানুর রহমান, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, বগুড়া পলিঃ ইন্সঃ), ৯ (মোঃ আকতারুজ্জামান, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, বগুড়া পলিঃ ইন্সঃ), ১২ (হাসনা বানু, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, কারিগরি শিক্ষা অধিদপ্তর), ১৬ (জিন্নাত রেহেনা খানম, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, ঢাকা পলিঃ ইন্সঃ), ১৮ (মোঃ হাছান, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, কারিগরি শিক্ষা অধিদপ্তর), ২২ (এস.এম শফিকুজ্জামান, হিসাব সহকারী, ঢাকা পলিঃ ইন্সঃ), ২৩ (মোহাম্মদ রবিউল হাসান, হিসাব সহকারী, কুমিল্লা পলিঃ ইন্সঃ), ২৫ (মোঃ আশেক আলী, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, রংপুর পলিঃ ইন্সঃ), ৩০ (জান্নাতুল ফেরদৌস, হিসাব সহকারী, ঢাকা পলিঃ ইন্সঃ), ৩২ (মনিরুজ্জামান, হিসাব সহকারী, বগুড়া পলিঃ ইন্সঃ), ৩৪ (এস.এম নাজমুল হোসেন, হিসাব | যেহেতু ২(দুই) টি পদের (যথা: অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও হিসাব সহকারী) জ্যেষ্ঠতা নির্ধারণ করা হয় সেহেতু, সমন্বিত জ্যেষ্ঠতা নির্ধারণ নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ এর বিধি ৪ (২) অনুযায়ী বর্ণিত আবেদনসমূহ নামঞ্জুর করার সুপারিশ করা হয়। |

| ক্র. নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | সহকারী, যশোর পলিঃ ইন্সঃ) ও ৩৫ (রাবেয়া আক্তার, হিসাব সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর) বর্ণিত কর্মচারীগণ চূড়ান্ত গ্রেডেশন তালিকা মেধাক্রম অনুযায়ী প্রণয়নের জন্য আবেদন করেন। তাদের আবেদন সভায় গুরুত্বের সাথে যাচাই-বাছাই করা হয়। দেখা যায় যে, পাস্পরিক জ্যেষ্ঠতা মেধা তালিকা অনুযায়ী তাদের দাবী সঠিক হলেও সমন্বিত গ্রেডেশন (ভিন্ন ভিন্ন পদ এবং একই বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগকৃত) নির্ধারণের ক্ষেত্রে প্রারম্ভিক পদে নিয়মিত যোগদানের তারিখ হতে জ্যেষ্ঠতা নির্ধারণ করার বিধান রয়েছে। সমন্বিত জ্যেষ্ঠতা নির্ধারণে নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ এর বিধি ৪ (২) "বিভিন্ন পদের সমন্বিত জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট শ্রেণীর প্রারম্ভিক পদে নিয়মিত যোগদানের তারিখের ভিত্তিতে সমন্বিত জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে"। তাই বর্ণিত আবেদনসমূহ বিবেচনা করার সুযোগ নেই মর্মে সভায় এক মত পোষণ করা হয়। | |
| ২ | গ্রেডেশন তালিকায় শিক্ষাগত যোগ্যতা অন্তুর্ভুক্ত করণ। | অফিস সহকারী কাম কম্পিউার মুদ্রাক্ষরিক ও হিসাব সহকারী পদে কর্মরত মোট ১৫(পনের) জন খসড়া গ্রেডেশন তালিকার ক্রমিক নং- ১(মোঃ আব্দুল রাকিব, হিসাব সহকারী, দিনাজপুর পলিঃ ইন্সঃ), ১০(নাসির উদ্দীন, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, বাংলাদেশ সার্ভে ইন্সঃ, কুমিল্লা), ১৯(মোঃ শাহীন আলম, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, রংপুর পলিঃ ইন্সঃ), ২১(আব্দুর রহমান, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, বরিশাল পলিঃ ইন্সঃ) ২৫(মোঃ আশেক আলী, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, রংপুর পলিঃ ইন্সঃ), ২৭(মোঃ হারুন অর রশিদ, হিসাব সহকারী, যশোর পলিঃ ইন্সঃ), ২৮(সমীকরন রায়, হিসাব সহকারী, চট্টগ্রাম পলিঃ ইন্সঃ), ৩৭(মোঃ আব্দুর রাজ্জাক, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, কুমিল্লা পলিঃ ইন্সঃ), ৪১(মোঃ আক্তার হোসেন, অফিস সহকারী কাম কম্পিঃ মুদ্রাঃ, খুলনা পলিঃ ইন্সঃ), ৪৩(মেহেদী হাসান, অফিস সহকারী কাম কম্পিঃ মুদ্রাঃ, পটুয়াখালী পলিঃ ইন্সঃ), ৪৫(মোঃ নুরুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিঃ মুদ্রাঃ, বগুড়া পলিঃ ইন্সঃ), ৪৬(মোঃ জাবেদ আলী, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, দিনাজপুর পলিঃ ইন্সঃ), ৪৭(বিধুভূষন সরকার, অফিস সহকারী কাম কম্পিঃ মুদ্রাঃ, রাজশাহী পলিঃ ইন্সঃ), ৪৯(আসমা, অফিস সহকারী কাম কম্পিঃ মুদ্রাঃ, পটুয়াখালী পলিঃ ইন্সঃ) ও ৬০(মোঃ রায়হান, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, দিনাজপুর পলিঃ ইন্সঃ) এ বর্ণিত কর্মচারী অর্জিত শিক্ষাগত যোগ্যতা চূড়ান্ত গ্রেডেশন তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেন। তাদের আবেদনসমূহ পর্যালোচনা করা হয়। সরকারি বিধান অনুযায়ী চাকুরী নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী/আবেদনপত্রে যে শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করা হয়েছিল সেটিই তার শিক্ষাগত যোগ্যতা। পরবর্তীতে যদি কেহ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে শিক্ষাগত যোগ্যতা অর্জন করেন সেক্ষেত্রে সচিব/মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে PIMS ID/গ্রেডেশন তালিকায় অন্তর্ভুক্ত করা যেতে পারে।<br><br>অত্র কমিটি শিক্ষাগত যোগ্যতা গ্রেডেশন তালিকায় অন্তর্ভুক্ত করার এখতিয়ারবান নহে। তাই আবেদনকারীগণ কে উপযুক্ত প্রমাণসহ সচিব/মহাপরিচালক বরাবর আবেদন করার জন্য পরামর্শ দেয়া যেতে পারে। শিক্ষাগত যোগ্যতা অন্তর্ভুক্ত করণ সংক্রান্ত আবেদন বিবেচনা করার আইনগত সুযোগ নেই মর্মে সভায় এক মত পোষণ করা হয়। | চাকুরীতে যোগদানের পরে অর্জিত শিক্ষাগত যোগ্যতা গ্রেডেশন তালিকায় অন্তর্ভুক্ত করার এখতিয়ার অত্র কমিটির আওতাভুক্ত নয়। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গ্রেডেশন তালিকায় অন্তর্ভুক্তকরণ এর জন্য মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের মাধ্যমে প্রশাসনিক আদেশ জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট শাখাকে অনুরোধ করা হল। |

| ক্র. নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩ | নামের বানান সংশোধন সংক্রান্ত। | অফিস সহকারী কাম কম্পিউার মুদ্রাক্ষরিক ও হিসাব সহকারী পদে কর্মরত প্রায় ৫(পাঁচ) জন চূড়ান্ত গ্রেডেশন তালিকা তাদের নামের বানান সংশোধন করার জন্য আবেদন করেন। আবেদনকারীদের আবেদন পর্যালোচনায় দেখা যায়ঃ-<br><br>ক) ক্রমিক নং-৪(মোঃ গোলাম রাববানী লিটন, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, গ্রাফিক আর্টস ইন্সঃ, ঢাকা) এ বর্ণিত কর্মচারী তার নামের বানান সংশোধনের প্রমাণক হিসেবে নিয়োগ আদেশের কপি সংযুক্ত করেন। আবেদন পর্যালোচনায় দেখা যায়, খসড়া গ্রেডেশন তালিকা প্রস্তুত করনে ভুল বশতঃ "মোঃ গোলাম রাববানী লিটন" উল্লেখ করা হয়েছিল।<br><br>খ) ক্রমিক নং-২৮(সমীকরন রায়, হিসাব সহকারী, চট্টগ্রাম পলিঃ ইন্সঃ) এ বর্ণিত কর্মচারী তার নামের বানান সংশোধনের প্রমাণক হিসেবে নিয়োগ আদেশের কপি সংযুক্ত করেন। আবেদন পর্যালোচনায় দেখা যায়, খসড়া গ্রেডেশন তালিকা প্রস্তুত করনে ভুল বশতঃ "সমীকরন রায়" উল্লেখ করা হয়েছিল<br><br>গ) ক্রমিক নং-১০(নাসির উদ্দীন, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, বাংলাদেশ সার্ভে ইন্সঃ, কুমিল্লা) এ বর্ণিত কর্মচারী তার নামের বানান সংশোধনের প্রমাণক হিসেবে জাতীয় পরিচয় পত্রের কপি, এস.এস.সি (দাখিল) এর সনদ এবং এস.এস.সি (দাখিল) এর প্রশংসা পত্র সংযুক্ত করেন। বর্ণিত কর্মচারীর দাখিলকৃত কাগজ পর্যালোচনায় দেখা যায়, নিয়োগ আদেশে "নাসির উদ্দীন"; চাকুরী বহিতে "নাসির উদ্দীন"; জাতীয় পরিচায় পত্রে "নাছির উদ্দিন"; এস.এস.সি এর সনদ ইংরেজিতে এবং এস.এস.সি (দাখিল) এর প্রশংসা পত্রে "নাসির উদ্দিন" উল্লেখ রয়েছে। কিন্তু বর্ণিত কর্মচারীর নামের বানান তার নিয়োগ আদেশ অনুযায়ী অর্থাৎ "নাসির উদ্দীন" উল্লেখ রয়েছে। সে মতে তার নিয়োগ আদেশ অনুযায়ী নামের বানান "নাসির উদ্দীন" লিপিবদ্ধ হবে মর্মে সভায় এক মত পোষণ করেন।<br><br>ঘ) ক্রমিক নং-২১(আব্দুর রহমান, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, বরিশাল পলিঃ ইন্সঃ) এ বর্ণিত কর্মচারী তার নামের বানান সংশোধনের প্রমাণক হিসেবে জাতীয় পরিচয় পত্রের কপি, এস.এস.সি এর প্রশংসা পত্র এবং জন্ম নিবন্ধন সনদ সংযুক্ত করেন। বর্ণিত কর্মচারীর দাখিলকৃত কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, নিয়োগ আদেশে "আব্দুর রহমান"; চাকুরী বহি তে "আবদুর রহমান"; এস.এস.সি এর প্রশংসা পত্রে "আবদুর রহমান" এবং জন্ম নিবন্ধন সনদে "আবদুর রহমান" উল্লেখ রয়েছে। কিন্তু বর্ণিত কর্মচারীর নামের বানান তার নিয়োগ আদেশ অনুযায়ী অর্থাৎ "আব্দুর রহমান" উল্লেখ রয়েছে। সে মতে তার নিয়োগ আদেশ অনুযায়ী নামের বানান "আব্দুর রহমান" লিপিবদ্ধ হবে মর্মে সভায় এক মত পোষণ করেন এবং<br><br>ঙ) ক্রমিক নং- ৪৭(বিধুভূষন সরকার, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, রাজশাহী পলিঃ ইন্সঃ) এ বর্ণিত কর্মচারী তার নামের বানান সংশোধনের প্রমাণক হিসেবে জাতীয় পরিচয় পত্রের কপি এবং এস.এস.সি এর প্রশংসা পত্র সংযুক্ত করেন। বর্ণিত কর্মচারীর দাখিলকৃত কাগজ পর্যালোচনায় দেখা যায়, নিয়োগ আদেশে "বিধুভূষন সরকার"; চাকুরী বহিতে "বিধুভূষন সরকার"; এস.এস.সি এর প্রশংসা পত্রে "বিধুভূষন সরকার" এবং জাতীয় পরিচয় পত্রে "বিধুভূষণ | ক) যেহেতু, মুদ্রণ জনিত ভুল তাই ক্রমিক নং-৪(মোঃ গোলাম রাববানী লিটন, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, গ্রাফিক আর্টস ইন্সঃ, ঢাকা) এ বর্ণিত কর্মচারীর নামের বানান (মোঃ গোলাম রাব্বানী) সংশোধন করা যায় মর্মে সভায় সুপারিশ করা হল।<br><br>খ) যেহেতু, মুদ্রণ জনিত ভুল তাই ক্রমিক নং- ২৮(সমীকরন রায়, হিসাব সহকারী, চট্টগ্রাম পলিঃ ইন্সঃ) এ এ বর্ণিত কর্মচারীর নামের বানান (সমীরন রায়) সংশোধন করা যায় মর্মে সভায় সুপারিশ করা হল।<br><br>গ) ক্রমিক নং- ১০(নাসির উদ্দীন, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, বাংলাদেশ সার্ভে ইন্সঃ, কুমিল্লা), ক্রমিক নং- ২১(আব্দুর রহমান, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, বরিশাল পলিঃ ইন্সঃ) এবং ৪৭(বিধুভূষন সরকার, অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ, রাজশাহী পলিঃ ইন্সঃ) এ বর্ণিত কর্মচারীগণের নামের বানান সংশোধন করার জন্য মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের মাধ্যমে প্রশাসনিক আদেশ জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট শাখাকে অনুরোধ করা হল। |

| ক্র. নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | সরকার” উল্লেখ রয়েছে। কিন্তু বর্ণিত কর্মচারীর নামের বানান তার নিয়োগ আদেশ অনুযায়ী অর্থাৎ “বিধুভূষন সরকার” উল্লেখ রয়েছে। সে মতে তার নিয়োগ আদেশ অনুযায়ী নামের বানান “বিধুভূষন সরকার” লিপিবদ্ধ হবে মর্মে সভায় এক মত পোষণ করা হয়। | |
| ৪ | পদোন্নতি প্রাপ্ত পদে কর্মরত কর্মচারীদের চাকুরীতে স্থায়ীকরণ সংক্রান্ত। | ''কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১১'' এস.আর.ও. নং-৩০৯-আইন/২০১১ গেজেট এর বিধি ৬ এর উপ-বিধি ৩ (ক) মতে বিভিন্ন ক্যাটাগরির পদে পদোন্নতিপ্রাপ্ত ৩য় শ্রেণীর কর্মচারীগণের পদোন্নতিপ্রাপ্ত পদে সন্তোষজনক চাকুরী ও ০১(এক) বছর শিক্ষানবিশ কাল পূর্ণ হওয়ায় পদোন্নতিপ্রাপ্ত পদে স্থায়ীকরণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বর্ণিত কার্যপত্রে উচ্চমান সহকারী/হিসাব রক্ষক/কোষাধ্যক্ষ/ ষ্টোরকিপার/ কেয়ার টেকার এর মোট ০৬(ছয়) জন কর্মচারীর পদোন্নতি প্রাপ্তপদে পরবর্তী ০২(দুই) বছরের এসিআর সভায় যাচাই-বাছাই করা হয়। যাচাই-বাছাইয়ান্তে বর্ণিত ৬(ছয়) জন কর্মচারীর পদোন্নতিপ্রাপ্ত পদে সন্তোষজনক চাকুরী ও শিক্ষানবিশ কাল পূর্ণ হওয়ায় তাদের যোগদানের তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকুরীতে স্থায়ী করা যায় মর্মে সভায় এক মত পোষণ করা হয়।<br><br>এছাড়াও, নিয়োগবিধি, ২০১১ অনুযায়ী শিক্ষানবিশ কাল ও সন্তোষজনক চাকুরী বিবেচনায় ২০১৭ সালে মুক্তিযোদ্ধা কোটায় সরাসরি নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ রায়হান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, দিনাজপুর পলিঃ ইন্সঃ এর চাকুরীতে প্রথম যোগদানের তারিখ হতে স্থায়ী করা যায় মর্মে সভায় এক মত পোষণ করা হয়। | ক) ''কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১১'' এস.আর.ও. নং-৩০৯-আইন/২০১১ গেজেট এর বিধি ৬ এর উপ-বিধি ৩ (ক) মতে পদোন্নতি প্রাপ্ত কেয়ার টেকার -০১ জন, হিসাব রক্ষক-০১ জন, ষ্টোর কিপার-০১ জন, কোষাধ্যক্ষ-০২জন এবং উচ্চমান সহকারী-০১ জন সর্বমোট ০৬(ছয়) জনের পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকুরীতে স্থায়ীকরণের সুপারিশ করা হল।<br><br>খ) জনাব মোঃ রায়হান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, দিনাজপুর পলিঃ ইন্সঃ নিয়োগবিধি, ২০১১ মোতাবেক তার চাকুরীতে প্রথম যোগদানের তারিখ হতে স্থায়ীকরণের সুপারিশ করা হল **(পরিশিষ্ট-০১)**। |

পরিশেষে আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮-৫.২০১৯

(মোঃ মিজানুর রহমান)
অতিরিক্ত সচিব ও পরিচালক (পিআইডব্লিউ)
এবং
সভাপতি
গ্রেডেশন ও স্থায়ীকরণ কমিটি
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।